দামুড়হুদায় ভোক্তা অধিকারের অভিযানে ১৯ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলার জয়রামপুর কাঁঠাল তলায় দুইটি বিস্কুট ফ্যাক্টারিতে অস্বাস্থ্যকর পরিবেশ ও মেয়াদ উত্তীর্ণ আটা ও পাউরুটি রাখার অপরাধে ১৯ হাজার টাকা জরিমানা করেন ভ্রাম্যমান আদালত।

ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন জেলা ভোক্তা অধিকার এর পরিচালক সজল আহাম্মদ। আজ বুধবার বেলা সাড়ে ১২ টার দিকে এই ভ্রাম্যমান আদালতে এই রায় দেন।

ভ্রাম্যমান আদালত সূত্র থেকে জানাযায়, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর কাঁঠাল তলায় দুইটি বিস্কুট ফ্যাক্টরিতে অস্বাস্থ্যকর পরিবেশ ও মেয়াদ উত্তীর্ণ আটা ও পাউরুটি রাখার অপরাধে ভোক্তা অধিকার আইন ২০০৯ এর ৩৭/৫১ ধারা দোষি সাবস্ত করে জয়রামপুর কাঁঠাল তলায় মা বাবা দোয়া বেকারির মালিককে ১২ হাজার টাকা ও বন্ধু বেকারির মালিককে ৭ হাজার টাকা জরিমানা করেন ভ্র্যাম্যমান আদালত।

এ সময় সহযোগিতা করেন চুয়াডাঙ্গা পুলিশ লাইনের পুলিশ সদস্যরা।

মেহেরপুরে হত দরিদ্র পরিবারে মাঝে টিউবওয়েল ও স্যানেটরী ল্যাট্রিন বিতরণ

নিরাপদ পানি ও স্বাস্থ্য সম্মত স্যানেটরী ল্যাট্রিন ব্যবহারে মেহেরপুর সদর উপজেলার হিজুলী গ্রামের ১০ জন পরিবারের মাঝে টিউবওয়েল স্বাস্থ্য সম্মত স্যানেটরী ল্যাট্রিন বিতরণ করা হয়।

আজ বুধবার বিকাল ৩ টার দিকে মউক এর অফিস চত্ত্বরে এ বিতরণ

অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ) এর সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এর এ অনুষ্ঠানের আয়োজন করে।

বিতরণ অনুষ্ঠানে মউক এর মনিটরিং কর্মকর্তা কমল কুমার সেন সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন ও প্রোগ্রাম ম্যানেজার সাদ আহম্মেদ উপস্থিত ছিলেন অনুষ্ঠান পরিচালনা করেন মউক এর প্রোগ্রাম ম্যানেজার ওয়াজেদ আলী।

দামুড়হুদায় জাগ্রত জনতার, ছাগল মুরগী গাছের চারা বিতরণ ও সুধী সমাবেশ

দামুড়হুদায় জাগ্রত জনতার পক্ষ থেকে অসহায় দুস্থ বিধবা মহিলাদের মাঝে ছাগল মুরগী গাছের চারা বিতরণ ও সুধী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ বিকাল ৪টার দিকে হাউলী ইউনিয়ন পরিষদ চত্বরে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

ব্র্যাক কৃত্রিম প্রজনন সেবা প্রদানকারী ও ফারইষ্ট ইসলামী লাইফ ইন্সুইরেন্স কোম্পানী লিমিটেড এর জোনাল ইনচার্জ জাহাঙ্গীর আলম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফারইষ্ট ইসলামী লাইফ ইনসুরেন্স কোম্পানি লিমিটেড ফরিদপুর ডিভিশনের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এন্ড ইনচার্জ রফিকুল ইসলাম, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, হাউলী ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান নিজাম উদ্দিন, ফারইষ্ট ইসলামী লাইফ ইনসুরেন্স কোম্পানি লিমিটেড চুয়াডাঙ্গা সার্ভিস সেন্টারের ইনচার্জ আমজাদ হোসেন।

এসময় বিধবা মহিলাদের মাঝে ৩টা ছাগলের বাচ্চাসহ পাকিস্তানি মুরগীর বাচ্চা ও গাছের চারা বিতরণ করা হয়। এসময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা যুবলীগ নেতা নিসান তরফদার, দামুড়হুদা বাজার কমিটির সভাপতি মাকসুদুর রহমান রতন, সেভ দ্যা ফিউচার ফাউন্ডেশনের চুয়াডাঙ্গা জেলা শাখার সহ-সভাপতি রাসেল শাহ সহ এলাকার স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

প্রধান অতিথি চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু বলেন, সমাজে অনেক উচ্চবিত্ত মানুষ আছে কিন্তু মানবতার সেবায় সবাই কাজ করতে পারেনা। তৃণমূল মানুষের পাশে থেকে কাজ করার জন্য জাহাঙ্গীর আলম কে অসংখ্য ধন্যবাদ ও দোয়া করি এভাবে যেনো সারাজীবন অসহায় মানুষের সেবা করতে পারে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ১৩ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলার ২৪ আসামি গ্রেফতার হয়েছে। এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ৫ আসামি ও মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ৮ আসামি গ্রেফতার হয়েছে।

মঙ্গলবার দিবাগত রাত আজ বুধবার (৩০ নভেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশ পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের একাধিক টিম অভিযানে অংশ নেন।

বুধবার দুপুরের দিকে গ্রেফতারকৃত আসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করেছে।

কুষ্টিয়ায় ৬ ডাকাতের যাবজ্জীবন

কুষ্টিয়ার দৌলতপুরে ডাকাতি করার সময় শাজাহান আলী নামের এক ব্যক্তিকে হত্যার ঘটনায় দায়ের হওয়া মামলায় ছয় আসামিকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সাথে তাদের প্রত্যেককে ২৫ হাজার টাকা করে জরিমানা, অনাদায়ে আরও এক বছরের সশ্রম কারাদণ্ড দেওয়া হয়।

এদিকে, অভিযোগ প্রমাণিত না হওয়ায় এ মামলার ৮ আসামিকে খালাস দিয়েছেন বিচারক।

বুধবার (৩০ নভেম্বর) দুপুরে কুষ্টিয়ার অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মো. তাজুল ইসলাম এ রায় ঘোষণা করেন। কুষ্টিয়া জজ কোর্টের পিপি অনুপ কুমার নন্দী রায়ের বিষয়টি নিশ্চিত করেছেন।

সাজাপ্রাপ্ত আসামিরা হলেন- কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার ফিলিপনগর গ্রামের স্বপন, একই উপজেলার ইসলামপুর গ্রামের নাহারুল, মকবুল, শফি, শাজাহান, খলিল ও আজমল।

রায় ঘোষণার সময় আজমল, শাজাহান ও শফি আদালতে উপস্থিত ছিলেন। বাকিরা পালাতক।

আদালত সূত্রে জানা গেছে, ২০০২ সালের ২৭ এপ্রিল রাত ১০টার দিকে দৌলতপুর উপজেলার ফিলিপনগর গ্রামের শাজাহান আলীর বাড়িতে আসামিরা ডাকাতি করে। এসময় তারা নগদ টাকা, স্বর্ণালংকার এবং বাড়ির বিভিন্ন আসবাবপত্র লুট করে। প্রতিবাদ করায় চাইনিজ কুড়ালের উল্টো পিট দিয়ে শাজাহান আলীকে আঘাত করে হত্যা করে আসামিরা। ঘটনায় পরদিন ২৮ এপ্রিল নিহত শাজাহান আলীর ছেলে বোরহান উদ্দিন বাপ্পি বাদী হয়ে দৌলতপুর থানায় হত্যা মামলা করেন।

তদন্ত শেষে মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই ফেরদৌস হোসেন আসামিদের বিরুদ্ধে ২০০৪ সালের ২৪ জানুয়ারি আদালতে প্রতিবেদন দাখিল করেন। দীর্ঘ সাক্ষ্য গ্রহণ শেষে বিচারক আজ রায় ঘোষণা করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted] [redacted] ([redacted]) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] ([redacted]) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

বিস্ফোরণ ও ককটেল উদ্ধারের পরপরই সোমবার রাতে গাংনী পৌর যুবদলের সভাপতি ও গাংনী পৌর সভার সাবেক প্যানেল মেয়র সাহিদুল ইসলামকে গ্রেফতার করে গাংনী থানা পুলিশ।

মামলায় এজাহার নামীয় আসামিরা হলেন, গাংনী উপজেলা বিএনপির সাধারন সম্পাদক ও সাহারবাটি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু (৫০) ও তার ভাই মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হক (৩৫), গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাস (৪২), পৌর যুবদলের সভাপতি সাবেক প্যানেল মেয়র সাহিদুল ইসলাম (৪৫), গাংনী উপজেলা ছাত্রদলের আহবায়ক বিপ্লব হোসেন (৩০), পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক গোলাম মোস্তফা ডাকু (৪৫), সাবেক ছাত্রদল নেতা গাংনী উপজেলার বানিয়াপুকুর গ্রামের কামরুল ইসলাম (৩৬), সাবেক ছাত্রনেতা ইমন আহমেদ (৩৫), যুবদল নেতা মনিরুজ্জামান মনি (৩৩), যুবদল নেতা কাজল আলী(৩৮) ও যুবদল নেতা মহিলা কলেজ পাড়া এলাকার সুমন ওরফে এ্যাডাম(৩২)।

মামলার ঘটনায় গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু বলেন, সারা দেশের বিভাগীয় সমাবেশগুলোতে মানুষের উচ্ছাস ও উপস্থিতি দেখে সরকার আতংকিত। আগামি ১০ ডিসেম্বর ঢাকার মহাসমাবেশকে বাধাগ্রস্থ করতেই সরাকরি দলের নেতা কর্মী ও পুলিশ যৌথভাবে ককটেল উদ্ধারের নাটক সাজিয়েছে। তারা মিথ্যা মামলা, হামলা ও নেতা কর্মীদের গ্রেফতার করে বিএনপির আন্দোলন সংগ্রাম বন্ধ করতে চাই। তাদের এই মিথ্যা নাটক দেশবাসি জানে এবং বোঝে। এভাবে নাটক সাজিয়ে দেশের ক্ষমতা আঁকড়ে ধরে রাখা যাবেনা। তিনি অবিলম্বে এই মিথ্যা মামলা প্রত্যাহার ও আটক যুবদল সভাপতি সাইদুল ইসলামের নি:শার্ত মুক্তি দাবী করেন।

এব্যাপারে মামলার বাদী সাবেক ছাত্রনেতা শাহিদুজ্জামান শিপু বলেন, মিটিং মিছিল ও সমাবেশ করা সব রাজনৈতিক দলের অধিকার আছে। কিন্তু মিটিং মিছিলের আড়ালে বিএনপি যদি সন্ত্রাসীমুলক কর্মকান্ড বা ছাত্রলীগের উপর হামলা করে প্রাণ নাশের চেষ্টা করে। সেটাতো ছেড়ে দেওয়া যাবেনা। তিনি বলেন বিএনপি ও তাদের সহযোগী সংগঠণের নেতা কর্মীরা সন্ত্রাসী। এর আগেও ছাত্রলীগের মিছিলে তারা হামলা করেছে। আমরা তখন তাদের ছাড় দিয়েছি। কিন্তু গত সোমবার রাতের মিছিলেও সেই পূনার্বৃতি ঘটিয়েছে তারা। ছাত্রলীগের মিছিলে বোমা হামলা করে প্রাণ নাশের চেষ্টা করেছে। আমিসহ ছাত্রলীগের নেতা কর্মীরা তাদের সেই হামলা ব্যার্থ করে দিয়েছে।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বলেন, একটি বোমার বিকট শব্দে বিস্ফোরণ এবং বোমা উদ্ধারের পরই আমি এ ঘটনার তথ্য জানতে পারি। আমি শুনেছি, মিছিল থেকে বিএনপির ২/৩ টা ছেলেকে ধাওয়াও করেছে। আগামী ১০ ডিসেম্বর বিএনপি সরকার পতনের আন্দোলনের ডাক দিয়েছে। তারা এখন থেকেই বিভিন্ন স্থানে অপকর্ম করে দেশের মানুষকে আতংকিত করতে চাই। সেই ধারাবাহিকতায় তারা ছাত্রলীগের মিছিলে বোমা বা ককটেল হামলা চালাতে পারে। অকারণে কেউ কোনো অকারেন্স করলে সেই দায় তারা স্বীকার করতে চাইনা। তবে, কয়েকদিন অপেক্ষা করলে পুলিশের তদন্তেই বেরিয়ে আসবে আসল ঘটনা।

গত সোমবার (২৮ নভেম্বর) দিবাগত রাত ৮ টার দিকে গাংনী উপজেলার শহরের পরিত্যক্ত সরকারি মৎস্য খামারের মধ্যে একটি বিস্ফোরণ ঘটে। পরে গাংনী থানা পুলিশের একটি টিম পরিত্যক্ত সরকারি মৎস্য হ্যাচারির মধ্যে অভিযান চালিয়ে লালকসটেপ মোড়ানে তিনটি ককটেল উদ্ধার করে। এঘটনার পরপরই পুলিশ এবং নেতা কর্মীরা পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলার বাড়িতে রেড দেন। তবে মকবুল হোসেন মেঘলা ঢাকা থেকে নিজের ফেইসবুকে লাইভ দিয়ে সে ঢাকায় আছে বলেন জানান দেন।

মেহেরপুরে ফেনসিডিল ব্যবসায়ীর ৬ বছর কারাদন্ড

ফেনসিডিল মামলায় শামীম মল্লিক (৪০) নামের এক ফেনসিডিল ব্যবসায়ীকে ৬ বছর সশ্রম কারাদণ্ড দিয়েছে মেহেরপুর স্পেশাল ট্রাইব্যুনাল-২ আদালত। একই সাথে ২০ হাজার টাকা জরিমানা, অনাদায় আরো ৬ মাসে কারাদন্ডদেশের আদেশ দেওয়া হয়েছে। দন্ডপ্রাপ্ত শামীম মল্লিক মুজিবনগর উপজেলার মানিক নগর গ্রামের ইউসুফ মল্লিকের ছেলে।

আজ বুধবার (৩০ নভেম্বর) বেলা ১১ টার দিকে মেহেরপুর স্পেশাল ট্রাইব্যুনাল-২ আদালতের বিচারক রিপতি কুমার বিশ্বাস এই রায় দেন।

মামলার বিবরনে জানা গেছে ২০১৫ সালের ৩ আগস্ট বিকালে মুজিবনগর থানার এএসআই আবু তাহেরের নেতৃতে পুলিশের একটি টিম মুজিবনগর

পিকনিক কর্নার এলাকা থেকে ৭২ বোতল ফেনসিডিল সহ শামীম মল্লিককে গ্রেপ্তার করেন।

ওই ঘটনায় স্পেশাল পাওয়ার অ্যাক্ট ১৯৭৪ এর ২৫ বি (২) ধারায় মুজিবনগর থানায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং জি আর ৩২৪/১৫। স্পেশাল ট্রাইবুনাল কেস নং ৩০/২০১৫।

পরে মামলা তদন্তকারী কর্মকর্তা প্রাথমিক শেষে আদালতে চার্জশিট দাখিল করেন। মামলায় মোট ৬ জন সাক্ষী তাদের সাক্ষ্য প্রদান করেন।

স্বাক্ষীদের স্বাক্ষে শামীম মল্লিক দোষী প্রমাণিত হওয়ায় বিজ্ঞ আদালত তাকে ৬ বছর সশ্রম কারাদণ্ড, ২০ হাজার টাকা জরিমানা অনাদায় আরো ৬ মাসে কারাদন্ডদেশ দেন।

মামলায় রাষ্ট্রপক্ষে অতিরিক্ত পিপি কাজী শহিদুল হক এবং আসামি পক্ষে অ্যাডভোকেট আব্দুল আলিম কৌশলী ছিলেন।

মেহেরপুরে নারীসহ হোটেল আটলান্টিকার মালিক ও ছেলে গ্রেফতার

প্রেমের ফাঁদে ফেলে শারীরিক সম্পর্ক স্থাপন ও ব্লাকমেইল অর্থ আদায়ের মুল হোতা মেহেরপুর শহরের আভিজাত শ্রেনীর হোটেল আটলান্টিকার মালিক ও তার ছেলেসহ এক নারীকে গ্রেফতার করেছে পুলিশ।

গ্রেফতারকৃতরা হলেন মেহেরপুর শহরের শিশুবাগান পাড়ার মৃতু কিয়ামুদ্দীনের ছেলে হোটেল আটলান্টার মালিক মতিয়ার রহমান (৫২) তার ছেলে মামুন (৩০) ও সদর উপজেলার হিজুলী গ্রামের এনামুল হকের মেয়ে ছন্দা খাতুন(৩০)।

আজ বুধবার (৩০ নভেম্বর) ভোররাতে সদর থানা পুলিশের একটি টিম মেহেরপুর শহরের হোটেল আটলান্টিকায় অভিযান চালিয়ে এই তিন জনকে গ্রেফতার করে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে তদন্ত অফিসার মেজবাহ উদ্দীন আহমেদসহ সঙ্গীয় ফোর্স হোটেলটিতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন।

ওসি রফিকুল ইসলাম বলেন, একটি নারী চক্র গড়ে তুলে মেহেরপুর শহরের আভিজাত শ্রেনীর হোটেল আটলান্টিকার মালিক মতিয়ার রহমান ও তার ছেলে মামুন বিভিন্ন ব্যবসায়ী সরকারি কর্মকর্তা বা অভিজাত শ্রেনীর মানুষকে সুন্দরী নারী দিয়ে প্রেমের ফাঁদে ফেলে শারীরিক সম্পর্ক স্থাপন ও ব্লাকমেইল করে অর্থ হাতিয়ে নিচ্ছিল। এই চক্রে বিভিন্ন এলাকার প্রায় ডজ্জনখানেক সুন্দরী নারী রয়েছে। চক্রের নারী সদস্যরা বিভিন্ন ব্যবসায়ী ও সমাজের ধনাঢ্য ব্যক্তিদের প্রেমের ফাঁদে ফেলে হোটেল আটলান্টিকায় নিয়ে শারীরিক সম্পর্ক স্থাপন করে গোপন ক্যামেরায় ভিডিও ধারণ করে। পরে সেই ভিডিও নিয়ে শুরু হয় মোটা অংকের চাঁদাবাজী।

সাম্প্রতিক সময়ে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের মনোয়ার হোসেন নামের এক এনজিও কর্মীর সদর থানায় নারী চক্রের প্রধান হোতো প্রিয়া খানকে আসামি করে প্যানাল কোড ৪১৭/৩৮৫/৩৮৬/৫০৬ ধারায় একটি মামলা করেন (মামলা নং ৩২, তারিখ ২২/১১/২০২২ইং)। মামলা দেওয়ার পর পুলিশ বিভাগ নড়ে চড়ে বসেন। শুরু হয় গোপন তথ্য সংগ্রহ।

গত ২২ নভেম্বর ব্লাকমেইল করে অর্থ হাতিয়ে নেওয়ার মূল হোতা নাজনীন খান প্রিয়াকে গ্রেফতার করে পুলিশ। প্রিয়া খানকে গ্রেফতারের পর তাকে ২ দিনের রিমান্ড নিলে বেরিয়ে আসে এই চক্রের ভয়ংকর তথ্য।

পুলিশের একটি সূত্র জানিয়েছেন, নাজনীন খান প্রিয়ার দলে ৯ জন সুন্দরী নারী আছেন। তারা বিভিন্ন সময়ে পুরুষদের প্রেমের ফাঁদে ফেলে অসামাজিক কাজে লিপ্ত করে । ইতোমধ্যে তাদের ফাঁদে পড়ে নি:স্ব হয়েছেন সমাজের কয়েক শত ব্যবসায়ী, সরকারি চাকুরিজীবিসহ ধনাঢ্য ব্যক্তি।